দৈনিক ইত্তেফাক

তারিখ ... 25 JUN 1990 ...
পৃষ্ঠা ... ২০ ... কলাম ... ৬ ...

05

## জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে সাড়ে ৭ কোটি টাকার বাজেট পেশ

আমাদের সংবাদদাতা জানান, গতকাল (শনিবার) জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের বার্ষিক সিনেট অধিবেশনে বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ প্রফেসর নোমান ৯০-৯১ শিক্ষাবর্ষের জন্য ৭ কোটি ৫০ লক্ষ টাকার বাজেট পেশ করেন। সভাপতিত্ব করেন ভিসি প্রফেসর সালেহ আহমেদ। তিনি বলেন, সেশন জট নিরসনের ক্ষেত্রে গত দুইবছরে আমরা উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করিয়াছি। তিনি আর্থিক সমস্যাকেই প্রধান সমস্যা হিসাবে চিহ্নিত করেন। "প্রথম বর্ষ ছাত্র ঐক্য" নূতন পরীক্ষা পদ্ধতি বাতিলের দাবীতে অধিবেশন স্থলের সম্মুখে অবস্থান ধর্মঘট করিলে সিনেট অধিবেশন নির্ধারিত সময়ের দেড় ঘন্টা পরে শুরু হয়। জাকসু মনোনীত সিনেটে ৫ জন ছাত্র প্রতিনিধির আশ্বাসের পরিপ্রেক্ষিতে ছাত্র-ছাত্রীরা অবস্থান তুলিয়া নেয়। প্রশ্নোত্তর পর্বে ছাত্র প্রতিনিধি তৌফিক আহমেদ তাপস প্রথম বর্ষের দাবী-দাওয়া সম্পর্কে জানিতে চাহিলে ভিসি বলেন, এ ব্যাপারে "একাডেমিক কাউন্সিল" চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবে।